গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.moca.gov.bd)

বিষয়: স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে বছরব্যাপী উদ্‌যাপনের নিমিত্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : কে এম খালিদ এমপি
মাননীয় প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
সভার স্থান : সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সভা কক্ষ
সভার সময় ও তারিখ: ২১ নভেম্বর ২০২১ বেলা ১২.৩০টা
সভায় উপস্থিতি: পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ শওকত আলী, অতিরিক্ত সচিব (প্রশাসন) সভার কার্যপত্র উপস্থাপন করে সভাকে অবহিত করেন যে, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদ্‌যাপনের নিমিত্ত গঠিত সমন্বয় উপকমিটি'র ৩য় সভা গত ০৪ নভেম্বর ২০২১ খ্রি: বিকাল ০৩.৩০ টায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মো: তাজুল ইসলাম এঁর সভাপতিত্বে স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে বছরব্যাপী উদ্‌যাপনের নিমিত্ত মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ৫০টি কর্মসূচি অনুমোদিত হয়েছে। উক্ত অনুমোদিত ৫০টি কর্মসূচির মধ্যে থেকে ক্রমিক নং ৪, ৯, ১৯, ৩১, ৩৩, ৪৫ এর সাথে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার সংশ্লিষ্টতা আছে। অতিরিক্ত সচিব (প্রশাসন) ক্রমিক নং ৬, ৭, ৩৬, ৪১ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার কর্মসূচিতে অন্তর্ভুক্তের প্রস্তাব করেন। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সাধারণ মানুষকে সম্পৃক্ত করে যথাসম্ভব উন্মুক্ত স্থানে অনুষ্ঠান উদ্‌যাপনের জন্য সকল দপ্তর/সংস্থাকে নির্দেশনা প্রদান করেন। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২৮ ফেব্রুয়ারি ২০২১ খ্রি: তারিখের ৪৩.০০.০০০০.১২৪.২৩.১৬২.২১ সংখ্যক স্মারকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরিত জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ১২(বারো) টি কর্মসূচি এবং বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের গৃহীত সম্ভাব্য ৮(আট) টি কর্মসূচি সভাপতির নির্দেশনা অনুয়ায়ী মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত ৫০টি কর্মসূচির সঙ্গে সমন্বয়পূর্বক সংশোধন করা হয়।

০২। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত অনুষ্ঠানমালা আয়োজন করার বিষয়ে সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| ক্রমিক | অনুষ্ঠানমালা | বাস্তবায়নকারী দপ্তর/প্রতিষ্ঠান |
|---|---|---|
| (ক) জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের গৃহীত চলমান কর্মসূচি: | | |
| ১. | স্বাধীনতা যুদ্ধে বীরঙ্গনাসহ সকল বীর মুক্তিযোদ্ধাদের অবদান নিয়ে পাক্ষিক ১টি করে ধারাবাহিক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করতে হবে। | বাংলা একাডেমি ও বাংলাদেশ শিল্পকলা একাডেমি |
| ২. | ক) মুক্তিযুদ্ধ ভিত্তিক জাতীয় কুইজ/রচনা প্রতিযোগিতা আয়োজন বাংলাদেশ জাতীয় জাদুঘরকে করতে হবে।<br>খ) মুক্তিযুদ্ধ ভিত্তিক জাতীয় সংগীত/নৃত্য/ চিত্রাঙ্কন ইত্যাদি প্রতিযোগিতা আয়োজন বাংলাদেশ শিল্পকলা একাডেমিকে করতে হবে। | বাংলাদেশ জাতীয় জাদুঘর<br>ও<br>বাংলাদেশ শিল্পকলা একাডেমি |
| ৩. | দেশব্যাপী সুবর্ণজয়ন্তী মেলায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | বাংলাদেশ শিল্পকলা একাডেমি ও জাতীয় গ্রন্থকেন্দ্র |
| ৪. | মুক্তিযুদ্ধ ভিত্তিক আর্ন্তজাতিক পূর্ণদৈর্ঘ্য/স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র উৎসব আয়োজন করতে হবে। | বাংলাদেশ শিল্পকলা একাডেমি |
| ৫. | ক) স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিবকে নিয়ে ডকুমেন্টরি ও টিভিসি নির্মাণ করতে হবে। | বাংলাদেশ শিল্পকলা একাডেমি |

| | | |
|---|---|---|
| | খ) বাংলাদেশ জাতীয় জাদুঘরকে তাদের সংরক্ষিত নিদর্শনসমূহ নিয়ে ডকুমেন্টরি ও টিভিসি নির্মাণ করতে হবে। ।<br>গ) প্রত্নতত্ত্ব অধিদপ্তরকে প্রত্নতাত্বিক নিদর্শন নিয়ে ডকুমেন্টরি তৈরি করতে হবে। | বাংলাদেশ জাতীয় জাদুঘর<br><br>প্রত্নতত্ত্ব অধিদপ্তর |
| ৬. | মুক্তিযুদ্ধ ভিত্তিক চিত্রকলা প্রদর্শনী আয়োজন করতে হবে। | বাংলাদেশ শিল্পকলা একাডেমি |
| ৭. | মুক্তিযুদ্ধ ভিত্তিক বিশেষ ডকুমেন্টরি ও টিভিসি নির্মাণ করতে হবে। | বাংলাদেশ শিল্পকলা একাডেমি |
| ৮. | দেশের সকল সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্নার স্থাপন করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং সকল দপ্তর সংস্থা |
| ৯. | চারুকলা ইনস্টিটিউট এর তত্ত্বাবধায়নে বিশেষ ভাস্কর্য প্রদর্শনী করতে হবে। | বাংলাদেশ শিল্পকলা একাডেমি |
| ১০ | এ সকল কার্যক্রম বাস্তবায়নে বিটিভি ও এ্যাটকো'র সহায়তায় (প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায়) বছরব্যাপী ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে হবে । | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং সকল দপ্তর সংস্থা |
| ১১. | সুবর্ণজয়ন্তীর সমাপনী অনুষ্ঠানে খ্যাতিমান সাহিত্যিকদের আলোচক হিসেবে আমন্ত্রণ জানাতে হবে। | বাংলা একাডেমি |
| ১২. | স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর সমাপনী অনুষ্ঠান জাঁকজমকভাবে করার লক্ষ্যে দেশাত্ববোধক সংগীত, নৃত্য, আতশবাজী (কেন্দ্রীয়ভাবে) ও ব্যাপক আলোকসজ্জা ইত্যাদির আয়োজন করতে হবে (সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সকল দপ্তর/সংস্থা যথাসম্ভব উন্মুক্ত জায়গায় সাংস্কৃতিক অনুষ্ঠান উদ্‌যাপন করবে)। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং সকল দপ্তর সংস্থা |
| (খ) বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের গৃহীত চলমান কর্মসূচি: | | |
| ১. | বাংলাদেশ, ভারত ও আমেরিকার বিভিন্ন স্থানে বঙ্গবন্ধু-বাপু ডিজিটাল প্রদর্শনী আয়োজন করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং বাংলাদেশ জাতীয় জাদুঘর |
| ২. | জাতির পিতার জন্মশতবর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে বাংলাদেশ ও ভারতের মধ্যে বইমেলা 'Library on Wheels' কার্যক্রম পরিচালনা করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও জাতীয় গ্রন্থকেন্দ্র |
| ৩. | জাতির পিতার জন্মশতবর্ষ এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী নামে ২০২২ সালের "অমর একুশে বইমেলা" উৎসর্গ করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও বাংলা একাডেমি |
| ৪. | স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে বিভিন্ন দেশে কমপক্ষে ১০ (দশ)টি সাংস্কৃতিক দল প্রেরণ করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও বাংলাদেশ শিল্পকলা একাডেমি |
| ৫. | বিভিন্ন দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের সঙ্গে সমন্বয় করে অনলাইন ভিত্তিক অনুষ্ঠান আয়োজন করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও বাংলাদেশ শিল্পকলা একাডেমি |
| ৬. | সারা দেশে ১০০০টি সরকারী/বেসরকারি পাঠাগারে মুক্তিযুদ্ধ কর্নার স্থাপন করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও গণগ্রন্থাগার অধিদপ্তর |
| (গ) বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের বাস্তবায়িত কর্মসূচি: | | |
| ১. | আগামী ২৬ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দে বাংলাদেশের স্বাধীনতার ৫০তম সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে বাংলাদেশ ও ভারতের ১৭ জন শিল্পীর সমন্বয়ে বাংলাদেশে জাতীয় সংগীত পরিবেশনা। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও বাংলাদেশ শিল্পকলা একাডেমি |
| ২. | কুষ্টিয়ার শিলাইদহে রবীন্দ্র কুঠিবাড়ি উদ্বোধন। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও প্রত্নতত্ত্ব অধিদপ্তর |

০৩। সকল অনুষ্ঠান উদ্‌যাপনে স্বাস্থ্যবিধি প্রতিপালন করতে হবে।

০৪। সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-
২৯.১১.২০২১
(কে এম খালিদ এমপি)
মাননীয় প্রতিমন্ত্রী

নম্বর: ৪৩.০০.০০০০.১২৪.২৩.১৬২.২০. ১৮০২

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৮ / ৩০ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। মহাপরিচালক,আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর,শেরেবাংলা নগর, ঢাকা;
৩। মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, ঢাকা;
৪। মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা;
৫। নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট, ধানমন্ডি, ঢাকা;
৬। মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা;
৭। মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা;
৮। মহাপরিচালক, বাংলা একাডেমি, ঢাকা;
৯। যুগ্মসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১০। রেজিস্ট্রার, বাংলাদেশ কপিরাইট অফিস, শেরেবাংলা নগর, ঢাকা;
১১। পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা;
১২। পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ;
১৩। পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি.নেত্রকোণা;
১৪। পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট রাঙ্গামাটি;
১৫। পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট বান্দারবান;
১৬। পরিচালক, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার;
১৭। পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট খাগড়াছড়ি;
১৮। উপ-পরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, রাজশাহী; এবং
১৯। উপ-পরিচালক, মনিপুরী ললিতকলা একাডেমি, কমলগঞ্জ, মৌলভীবাজার।

অনুলিপি অবগতি ও কার্যার্থে:

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; এবং
৪। অফিস কপি।

৩০/১১/২১

(শরীফ নজরুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-৯৫৭৬৫৩৫
ই-মেইল: cultural_pro@yahoo.com